



# জনতা ব্যাংক লিমিটেড

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়

১১০ মতিঝিল বা/এ, ঢাকা।

## নিয়োগ বিজ্ঞপ্তি

রাষ্ট্র মালিকানাধীন জনতা ব্যাংক লিমিটেড-এ মহাব্যবস্থাপক পদমর্যাদায় ০২ (দুই) বছর মেয়াদে চুক্তিভিত্তিক ০১ (এক) জন 'চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (সিআইটিও)' নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাধীনে মেধাবী, উদ্যোগী, কর্মঠ ও আগ্রহী বাংলাদেশি প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

০১	নিয়োগের পদ্ধতি ও চাকরির ধরন	:	চুক্তিভিত্তিক ও সার্বক্ষণিক।
০২	নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	:	সর্বোচ্চ ৫০ বছর এবং ৬৫ বছর বয়সে চাকরির অবসান।
০৩	বেতন-ভাতা ও অন্যান্য সুবিধা	:	আলোচনা সাপেক্ষে।
০৪	শিক্ষাগত যোগ্যতা	:	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/প্রকৌশল, পদার্থ বিজ্ঞান, ফলিত পদার্থ বিজ্ঞান, গণিত, পরিসংখ্যান বা ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই)-এ ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী অথবা আইসিটিতে ডিপ্লোমাসহ যেকোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে।
০৫	অভিজ্ঞতা	:	(ক) তথ্য প্রযুক্তি খাতে কমপক্ষে ১২ (বারো) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ব্যাংকিং-আইটি সম্পর্কিত কাজ যথা: আইটি পলিসি অ্যান্ড প্ল্যানিং, ফিন্যান্সিয়াল নেটওয়ার্ক অ্যান্ড অ্যাপলিকেশন, ফিন্যান্সিয়াল ইনফরমেশন সিস্টেমস, সাইবার সিকিউরিটি টেকনোলজি, পেমেন্ট টেকনোলজি ইত্যাদি কাজের অভিজ্ঞতা থাকতে হবে। Data Processing, Hardware Platform, Enterprise Software Applications Ges Outsource Systems এর উপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। Core Banking System (CBS), Internet Banking, Mobile Banking, Agent Banking, ATM & POS, BACH, BEFTN, RTGS ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে; (খ) অনুমোদিত/নিবন্ধিত কোনো কম্পিউটার সোসাইটির সদস্য/সহযোগী সদস্য হতে হবে; (গ) আইটি বিষয়ে Certification থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে।

উপর্যুক্ত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী প্রার্থীগণকে জনতা ব্যাংক লিমিটেড-এর চাকরি সংক্রান্ত সরাসরি ওয়েবসাইট [career.janatabank-bd.com](http://career.janatabank-bd.com) এ কাঙ্ক্ষিত সকল তথ্যাদি প্রদানপূর্বক অনলাইনে আবেদন সাবমিট করতে হবে। অনলাইনে আবেদন জমা দেওয়ার পর তার হার্ডকপি এবং তৎসঙ্গে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ইত্যাদির ফটোকপি এবং ২ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি একত্রে আগামী ২৮.০২.২০২১ তারিখের মধ্যে ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর (এইচআর), জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে ডাক/কুরিয়ারযোগে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, আগ্রহী প্রার্থীগণ সরাসরি ব্যাংকে এসেও হাতে হাতে আবেদন জমা দিতে পারবেন। আবেদনকারী প্রার্থীগণের যোগ্যতা ও অভিজ্ঞতা বিবেচনা করে নির্বাচিত সংখ্যক প্রার্থীকে সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হবে। বিজ্ঞপ্তির শর্তাবলি সংশোধন/পরিমার্জন বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে। চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (সিআইটিও)-এর নিয়োগ বিজ্ঞপ্তিসহ বিস্তারিত কার্যপরিধি জনতা ব্যাংকের ওয়েবসাইট [Jb.com.bd](http://Jb.com.bd) এবং চাকরি সংক্রান্ত সরাসরি ওয়েবসাইট [career.janatabank-bd.com](http://career.janatabank-bd.com) -এ আপলোড করা আছে।

(বিঃদ্র: 'চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (সিআইটিও)' পদের জন্য ইতোপূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে আবেদনকারী প্রার্থীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই)।

স্বা./-

মো. জিকরুল হক

ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর (এইচআর)